



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 8/7/2022

গভর্নর ক্যাথি হোকল

**গভর্নর হোকল ঘোষণা করলেন পার্পল হার্ট দিবসের সম্মানে নিউ ইয়র্ক স্টেটের
ল্যান্ডমার্কসমূহকে আলোকিত করা হবে**

গভর্নর ক্যাথি হোকল আজকে ঘোষণা করলেন যে পার্পল হার্ট দিবসের (Purple Heart Day) সম্মানে আজকে 7 আগস্ট, রবিবার, নিউ ইয়র্ক স্টেটের ল্যান্ডমার্কসমূহকে বেগুনি আলোয় আলোকিত করা হবে।

"আজকে, পার্পল হার্ট আমাদের সেনা সদস্যরা আমাদের স্টেট ও দেশের জন্য নিজেদের সামরিক দায়িত্ব পালনের মাধ্যমে যেই বিরাট মূল্য প্রদান ও আত্মত্যাগ করেছে তার প্রতিনিধিত্ব করে," **গভর্নর হোকল বলেন।** "যারা সেনা দায়িত্ব পালন করেছে ও পার্পল হার্ট লাভ করেছে, নিউ ইয়র্ক স্টেট তাদের সকলের প্রতি চির ঋণী হয়ে আছে। আজকে এবং বাকি সব দিন, আমরা তাদের সেবাকে সম্মান জানাই ও স্বীকৃতি দান করি।"

7 আগস্ট, 1782 তারিখে, নিউ ইয়র্কের নিউবার্গ সদর দপ্তরে, জেনারেল জর্জ ওয়াশিংটন সামরিক মেরিট ব্যাজ (Badge of Military Merit) তৈরির নির্দেশ প্রদান করেন, যা আধুনিক পার্পল হার্টের পূর্বসূরি, এবং পরবর্তীতে যা ইউনাইটেড স্টেটস অফ আমেরিকা হবে, তার প্রথম সামরিক সম্মাননা। পরবর্তীতে, 5 এপ্রিল, 1917 তারিখে আধুনিক পার্পল হার্টের স্বীকৃতি দেওয়া হয়।

নিউ ইয়র্ক স্টেটের ভেটেরানস সার্ভিসেস ডিভিশনের (New York State Division of Veterans' Services) পরিচালক ভিভিয়ানা ডেকোহেন বলেন, "আমরা সেই সেনা সদস্যদের স্মরণ করি যারা বীরত্বের সাথে দায়িত্ব পালন করেছে স্বাধীনতা এবং তাদের সেবার ফলে আমেরিকান ও নিউ ইয়র্কবাসী হিসেবে আমরা বাঁচার যেই বিশেষাধিকার পেয়েছি, জীবনযাপনের সেই পন্থা সুরক্ষিত রাখার জন্য আত্মত্যাগ করেছে। তাদের সামরিক দায়িত্ব স্মরণ করে রাখা আমাদের বিশেষাধিকার এবং একই সাথে এর ফলে হওয়া শারীরিক ও মানসিক আত্মত্যাগকে স্বীকৃতি দান করা আমাদের দায়িত্ব।"

জাতীয় পার্পল হার্ট হল অফ অনারের (National Purple Heart Hall of Honor) পরিচালক অনিতা পিডালা বলেন, "আজকে, 7 আগস্ট, 2022 তারিখে, সামরিক মেরিট ব্যাজ, যা আধুনিক পার্পল হার্ট মেডেলের অনুপ্রেরণা, তৈরির 240তম প্রতিষ্ঠাবার্ষিকী। অনুগ্রহ করে পার্পল হার্ট সম্মাননা দিবস (Purple Heart Appreciation Day) উদযাপনে আমাদের সাথে যোগ

দিন এবং পার্পল হাট পদকপ্রাপ্তদের স্মরণ করুন ও ধন্যবাদ দিন যাতে নিশ্চিত করা যায় যে আমাদের স্বাধীনতার জন্য যারা আত্মত্যাগ করেছে তাদের কখনো ভুলে না যাওয়া হয়।"

পার্পল হাট দিবসের সম্মানে যেসকল ল্যান্ডমার্ক আলোকিত হবে:

- ওয়ান ওয়ার্ল্ড ট্রেড সেন্টার (One World Trade Center)
- গভর্নর মারিও এম. কুওমো ব্রিজ (Mario M. Cuomo Bridge)
- কস্কুইজকো ব্রিজ
- এইচ. কার্ল ম্যাককল সানি বিল্ডিং
- রাষ্ট্রীয় শিক্ষা ভবন
- আলফ্রেড ই. স্মিথ স্টেট অফিস বিল্ডিং (Alfred E. Smith State Office Building)
- স্টেট ফেয়ারগ্রাউন্ডস - মেইন গেট অ্যান্ড এক্সপো সেন্টার
- ন্যাগা গ্রা জলপ্রপাত (Niagara Falls)
- "ফ্রাঙ্কলিন ডেলানো রুজভেল্ট" মধ্য-হাডসন ব্রিজ
- গ্র্যান্ড সেন্ট্রাল টার্মিনাল - পারশিং স্কয়ার ভায়াডাক্ট
- অ্যালবানি আন্তর্জাতিক বিমানবন্দর গেটওয়ে (Albany International Airport Gateway)
- লেক প্লাসিড অলিম্পিক জাম্পিং কমপ্লেক্স
- MTA LIRR - ইস্ট এন্ড গেটওয়ে যা পেন স্টেশনে আছে
- এম্পায়ার স্টেট প্লাজা

###

আরো সংবাদ পাওয়া যাবে এখানে www.governor.ny.gov -এ
নিউ ইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418